যুগান্তর

তারিখ 11 JUL 2007
পৃষ্ঠা ... কলাম ...

# প্রধান উপদেষ্টা গবেষণা বৃত্তির জন্য ৪৫ প্রার্থী মনোনীত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

উচ্চতর গবেষণার জন্য ৪৫ জন গবেষক প্রাথমিকভাবে প্রধান উপদেষ্টা বৃত্তির জন্য মনোনীত হয়েছেন। 'প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তা তহবিল-২০০৩'-এর আওতায় সংশ্লিষ্ট গবেষকদের এ বৃত্তি প্রদান করা হবে। মঙ্গলবার বৃত্তি বাস্তবায়ন কমিটির এক সভায় এ সিদ্ধান্ত হয় বলে জানা গেছে। দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে কমিটির আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এসএমএ ফায়েজের সভাপতিত্বে সভায় ৮ সদস্যের মধ্যে স্টেট ইউনিভার্সিটির সাবেক ভিসি মরহুম প্রফেসর মাহমুদুল আমীন ছাড়া অন্যরা উপস্থিত ছিলেন। সভা সূত্রে জানা যায়, এ বছর প্রধান উপদেষ্টা বৃত্তির জন্য ৫৯ জন প্রার্থী আবেদন করেন। প্রাথমিক বাচাইয়ে নানা অসঙ্গতি ও অযোগ্যতার কারণে ১৪ জনের আবেদন বাতিল করা হয়। বাকি ৪৫ জনকে বৃত্তির জন্য প্রাথমিকভাবে মনোনীত করা হয়েছে বলে জানা যায়। বাদ পড়া ১৪ জন প্রার্থী হলেন— মোঃ আবু রায়হান খান, তহমিনে জান্নাত, সাহানা পারভীন, মোঃ দেলোয়ার হোসেন, আবুল খায়ের মোহাম্মদ রেজাউর রহমান, মোসাম্মৎ ফাতেমা আক্তার, মোঃ হাসান মোস্তফা স্বপন, মোঃ ফয়েজ আহমেদ, মোহাম্মদ মাজহারুল ইসলাম, মুহাম্মদ কামরুজ্জামান, মোহাম্মদ মাজেদুল ইসলাম, মোছাম্মৎ তহুরা পারভীন, সোনা রানী রায়।

পিএইচডি কোর্সের গবেষণার জন্য প্রথম বছর প্রতি মাসে ১০ হাজার, দ্বিতীয় বছর প্রতি মাসে ১২ হাজার, তৃতীয় বছর প্রতি মাসে ১৪ হাজার টাকা হারে বৃত্তি প্রদান করা হয়। তবে পিএইচডি ডিগ্রির লক্ষ্যে এমফিল বা সমমানের কোর্সের ক্ষেত্রে গবেষককে মাসিক ৮ হাজার টাকা হারে এক বছরের জন্য বৃত্তি দেয়া হয়।